গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.১৮.০৪৯.০৭ . ৪৫৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১
১১ জুলাই ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা-কে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ০৩/০৭/২০১৮ খ্রি. তারিখের ০৯.০০.০০০০.০৭৬.২৪.১৮৩.১৮-৩১১ নং প্রজ্ঞাপনমূলে নিউইয়র্কস্থ জাতিসংঘের বাংলাদেশের স্থায়ী মিশনের ইকনমিক উইং-এ ০৪ (চার) বছরের জন্য পদায়ন করা হয়। তিনি নিউইয়র্কে বদলীকৃত কর্মস্থলে ২৫/০৯/২০১৮ খ্রি. তারিখে যোগদান করেন। মিশনে তার কর্মকাল ২৫/০৯/২০১৮ হতে ২৪/০৯/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছর নির্ধারিত ছিল। তিনি গত ১৮/১১/২০২২ খ্রি. তারিখ অপরাহ্নে নিউইয়র্কস্থ জাতিসংঘের বাংলাদেশের স্থায়ী মিশন হতে অবমুক্ত হন। চাকুরি বিধি অনুযায়ী অবমুক্তির পর নির্ধারিত ০৬ (ছয়) দিন যোগদানকাল এবং ০১ (এক) দিন ট্রানজিট (যাতায়াত ভ্রমণ) শেষে দেশে প্রত্যাবর্তনপূর্বক তার ২৫/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের বাধ্যবাধকতা ছিল। তিনি যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ২৬/১১/২০২২ খ্রি. তারিখে ই-মেইলে প্রেরিত আবেদনপত্রে পারিবারিক কারণে ০২ (দুই) বছরের বহিঃবাংলাদেশ ছুটি/স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেন। দীর্ঘ ১৮ (আঠার) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে ১৪/১২/২০২২ খ্রি. তারিখ কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানো জবাবে ২১/১২/২০২২ খ্রি. তারিখে পুনরায় স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেন। বিধি সম্মত না হওয়ায় বহিঃবাংলাদেশ ছুটি/স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন বিবেচনা করার সুযোগ নেই মর্মে তাকে গত ১২/০১/২০২৩ খ্রি. তারিখের পত্র মারফত অবহিত করা হয়। স্বেচ্ছায় অবসরে আবেদন না মঞ্জুরের বিষয়ে অবহিত হওয়া সত্ত্বে তিনি দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান না করায় বিভাগীয় মামলা রুজুর বিষয়ে ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখে কারণ দর্শানো হয়; এবং

২.০ যেহেতু, জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশ অমান্য করে এ বিভাগে যোগদান না করে ২৫/১১/২০২২ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধিমতে যথাক্রমে 'অসদাচরণ' (Misconduct) এবং 'পলায়ন' (Desertion) এর অভিযোগে তার বিরুদ্ধে ০১/২০২৩ নং বিভাগীয় মামলা রুজু করে ২১/০৮/২০২৩ তারিখে অভিযোগনামা গঠনপূর্বক অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের জন্য তাকে নির্দেশ প্রদান করা হয়। তিনি কোন জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি তদন্ত করার জন্য জনাব বিশ্বাস রাসেল হোসেন, যুগ্মসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩.০ যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৫/১০/২০২৩ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct) এবং 'পলায়ন' (Desertion) অভিযোগের সত্যতা রয়েছে মর্মে অভিমত প্রদান করেন; এবং

৪.০ যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ (Misconduct) এবং পলায়ন (Desertion)-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকুরি হইতে বরখাস্তকরণের (Dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং গত ৩০/১০/২০২৩ তারিখে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

৫.০ যেহেতু, অভিযুক্ত জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে চাকুরি হইতে বরখাস্তকরণের (Dismissal from service) গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

-অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

৬.০ যেহেতু, অভিযুক্ত জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা এর বিরুদ্ধে গুরুদন্ড আরোপের ক্ষেত্রে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে; এবং

৭.০ যেহেতু, প্রস্তাবিত গুরুদন্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হইতে বরখাস্তকরণ' (Dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে; এবং

৮.০ সেহেতু, জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এবং ৩(গ) বিধি অনুযায়ী 'পলায়ন'(Desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরী হইতে বরখাস্তকরণ' (Dismissal from service) গুরুদন্ড প্রদান করা হলো।

৯.০ এ আদেশ তার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৫/১১/২০২২ খ্রি. তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১.৭.২০২৪

মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী
সচিব

নম্বর: ০৯.০০.০০০০.০৭৩.১৮.০৪৯.০৭. ৪৫৩

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩১ / ১১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। মান্যবর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি, জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
৪। যুগ্মসচিব (প্রশাসন), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
৫। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
৬। উপসচিব, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
১১। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। জনাব মোঃ আব্দুর রাজ্জাক (ই-মেইল: razzaknypm@gmail.com), পিতা: জনাব মোঃ সাহাব উদ্দিন, গ্রাম: চরদুলাই, ডাকঘর: দুলাই, থানা: সুজানগর, জেলা: পাবনা।
১৩। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
১৪। ব্যক্তিগত নথি।